




## বাংলাদেশসহ ৬ দেশে ভূমিকম্প, কম্পনের মাত্রা ৫.৯



সংগৃহীত ছবি

রিখটার স্কেলে ৫.৯ মাত্রার ভূমিকম্পে কাঁপলো বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার ছয় দেশ। ভূমিকম্পের উৎপত্তিস্থল ভারতের আসামের উদালগুরি। বর্তমানে কোনো তাৎক্ষণিক ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

রোববার বিকেল ৫টা ১১ মিনিটে বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার অন্তত ছয় দেশ ভূমিকম্পে কেঁপে উঠেছে। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস) জানিয়েছে, কম্পনের মাত্রা রিখটার স্কেলে ৫.৯।

দক্ষিণ এশিয়ার দেশগুলো—বাংলাদেশ, নেপাল, ভারত, মিয়ানমার, ভুটান ও চীনে এই কম্পন অনুভূত হয়েছে। তবে তাৎক্ষণিকভাবে কোনো ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি।

আবহাওয়া অধিদফতর জানিয়েছে, ভূমিকম্পের উৎপত্তিস্থল ঢাকা থেকে প্রায় ৩৮০ কিলোমিটার দূরে ভারতের আসামের উদালগুরি এলাকায়।

# LENS ASIA